ভোরের কাগজ

তারিখ ... 12 JAN 20 3
পৃষ্ঠা ... ১২ কলাম ... ৭ ......

# শিক্ষকের বিরুদ্ধে ছাত্রী ধর্ষণের অভিযোগ ধামরাইয়ে সহপাঠীদের তুমুল বিক্ষোভ

## থানায় মামলা হলেও শিক্ষক এখনো পলাতক

**মানিকগঞ্জ প্রতিনিধি :** ধামরাই উপজেলার একটি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকের বিরুদ্ধে এ বিদ্যালয়েরই তৃতীয় শ্রেণীর এক ছাত্রীকে ধর্ষণের অভিযোগ উঠেছে। এই ঘটনার পর স্কুলের ছাত্রীরা বিক্ষোভে ফেটে পড়েছে। ঐ শিক্ষকের শাস্তি দাবি করে ছাত্রীরা দফায় দফায় মিছিল করছে।

সরজমিন খোঁজ নিয়ে জানা গেছে, গত ৫ জানুয়ারি ধামরাই উপজেলার কৃষ্ণপুরা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এই ঘটনা ঘটে। স্কুল ছুটি হওয়ার পর সহকারী শিক্ষক লোকমান হোসেন তৃতীয় শ্রেণীর এক ছাত্রীকে অফিস কক্ষে ডেকে নিয়ে দরজা-জানালা বন্ধ করে দেন। এর পর তাকে ভয়ভীতি দেখিয়ে ধর্ষণ করে বাড়ি পাঠিয়ে দিয়ে নিজেও বাড়ি চলে যান।

স্কুলের প্রধান শিক্ষক আনোয়ার হোসেন জানান, ঘটনার পরদিন ছাত্রীর মা এবং মামি বিদ্যালয়ে এসে তাকে বিষয়টি জানান। এরপর থেকে লোকমান হোসেন বিদ্যালয়ে অনুপস্থিত রয়েছেন। বিদ্যালয়ের পরিচালনা কমিটির সহসভাপতি মোহাম্মদ সামছুল হকের কাছে ধর্ষিতা ঘটনার বিবরণ বলেছে।

গত শুক্রবার ধর্ষিতার মামা মজিবর রহমান বাদী হয়ে এ ব্যাপারে ধামরাই থানায় নারী ও শিশু নির্যাতন আইনে মামলা করেছেন। গতকাল শনিবার ধর্ষিতাকে ডাক্তারি পরীক্ষা করানো হয়েছে।

মামলার তদন্তকারী কর্মকর্তা ধামরাই থানার দারোগা মোহসিনুল কাদির প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা মিলেছে বলে জানিয়েছেন।

এদিকে ঘটনার পর থেকে একটি বিশেষ মহল বিষয়টি ধামাচাপা দেওয়ার অপচেষ্টা চালাচ্ছে। ধর্ষক শিক্ষককে গ্রেপ্তার করাও সম্ভব হয়নি।

ধর্ষিতার সহপাঠীরা ধর্ষকের ফাঁসি দাবি করে গত কয়েকদিন স্কুল কম্পাউন্ডে মিছিল করেছে। এলাকাবাসীরাও ক্ষোভ প্রকাশ করেছে।

● এরপর-পৃষ্ঠা ১১ কলাম ৭

## শিক্ষকের বিরুদ্ধে ছাত্রী ধর্ষণের অভিযোগ

● শেষের পাতার পর

ধামরাই উপজেলা শিক্ষা অফিসার মোহাম্মদ নজরুল ইসলাম জানান, তিনি ঘটনাটি শুনেছেন। প্রধান শিক্ষক কর্তৃক লিখিত অভিযোগ পেলে তিনি তদন্ত করে ব্যবস্থা নেবেন বলে জানান।